কুষ্টিয়ার মিরপুরে র্যাবের অভিযানে ইয়াবাসহ আটক ৩

কুষ্টিয়ার মিরপুর উপজেলায় র্যাব-১২ এর অভিযানে তিন মাদক কারবারিকে আটক করা হয়েছে। এ সময় তাদের কাছ থেকে ১৩৫ পিস ইয়াবা ও ১৬ পিস টাপেন্টাডল ট্যাবলেট উদ্ধার করা হয়।

গতকাল বুধবার (১০ জুন) বিকেলে উপজেলার বারুইপাড়া ইউনিয়নের বলিদাপাড়া এলাকায় এ অভিযান পরিচালনা করা হয়। রাতে র্যাব-১২ কুষ্টিয়া ক্যাম্পের পাঠানো এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

র্যাব জানায়, গোপন সংবাদের ভিত্তিতে বলিদাপাড়া এলাকার নাসিমা খাতুনের বাড়িতে অভিযান চালানো হয়। অভিযানের সময় ওই বাড়ি থেকে ১৩৫ পিস ইয়াবা ও ১৬ পিস টাপেন্টাডল ট্যাবলেটসহ তিনজনকে আটক করা হয়।

আটককৃতরা হলেন, বলিদাপাড়া গ্রামের সুলতান হোসেনের ছেলে দিপু হোসেন (৩০), বদর উদ্দিন মালিথার ছেলে চাঁদ আলী মালিথা (৪৫) এবং গোপালপুর গ্রামের বাহার আলী মল্লিকের ছেলে শামীম মল্লিক (৩৫)।

তবে অভিযানের সময় বাড়ির মালিক নাসিমা খাতুন কৌশলে পালিয়ে যান বলে জানিয়েছে র্যাব।

র্যাবের দাবি, আটক ব্যক্তিরা দীর্ঘদিন ধরে এলাকায় মাদকদ্রব্য ক্রয়-বিক্রয় ও সরবরাহের সঙ্গে জড়িত ছিলেন। উদ্ধারকৃত মাদকদ্রব্য জব্দ করা হয়েছে।

এ ঘটনায় পলাতক নাসিমা খাতুনসহ আটক তিনজনের বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মিরপুর থানায় মামলা দায়ের করা হয়েছে।
র্যাব-১২ জানায়, মাদকবিরোধী অভিযান অব্যাহত থাকবে এবং মাদক নির্মূলে তাদের তৎপরতা আরও জোরদার করা হবে।

কুষ্টিয়ার মিরপুরে দুই ট্রাকের মুখোমুখি সংঘর্ষে চালক নিহত

কুষ্টিয়ার মিরপুরে দুই ট্রাকের মুখোমুখি সংঘর্ষে সজীব (২৫) নামে এক ট্রাকচালক নিহত হয়েছেন। এ ঘটনায় তার সহকারী জিহাদ (১৫)সহ আরও তিনজন আহত হয়েছেন।

মঙ্গলবার (৯ জুন) ভোর ৪টার দিকে কুষ্টিয়া-ঈশ্বরদী মহাসড়কের মিরপুর উপজেলার নয়মাইল এলাকায় এ দুর্ঘটনা ঘটে।

পুলিশ ও স্থানীয় সূত্রে জানা গেছে, বরিশালের বাবুগঞ্জ থেকে আম সংগ্রহের উদ্দেশ্যে একটি ট্রাক নিয়ে রাজশাহীর দিকে যাচ্ছিলেন চালক সজীব ও তার সহকারী জিহাদ।

পথে নয়মাইল এলাকায় পৌঁছালে বিপরীত দিক থেকে আসা একটি পাথরবোঝাই ট্রাকের সঙ্গে তাদের ট্রাকের মুখোমুখি সংঘর্ষ হয়। সংঘর্ষে ঘটনাস্থলেই ট্রাকচালক সজীব নিহত হন।

এ সময় তার সহকারী জিহাদসহ অপর ট্রাকের চালক ও সহকারী আহত হন। আহতদের নাম-পরিচয় তাৎক্ষণিকভাবে জানা যায়নি। স্থানীয়রা আহতদের উদ্ধার করে কুষ্টিয়া জেনারেল হাসপাতালে ভর্তি করেন।

দুর্ঘটনায় ট্রাক দুটির সামনের অংশ দুমড়েমুচড়ে যায়। এ ঘটনায় মহাসড়কে কিছু সময় যান চলাচল বন্ধ থাকলেও প্রায় এক ঘণ্টা পর পরিস্থিতি স্বাভাবিক হয়।

সজীবের মরদেহ কুষ্টিয়া জেনারেল হাসপাতালের মর্গে রাখা হয়েছে।

কুষ্টিয়া চৌড়হাস হাইওয়ে থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আবু ওবায়েদ দুর্ঘটনায় একজন নিহত ও তিনজন আহত হওয়ার বিষয়টি নিশ্চিত করেছেন।

কুষ্টিয়ার মিরপুর রেলস্টেশনে ট্রেনের ধাক্কায় যুবকের মৃত্যু

কুষ্টিয়ার মিরপুরে বোনের বাড়িতে বেড়াতে এসে ট্রেনের ধাক্কায় শুভ দেওয়ান (২৮) নামে এক যুবকের মৃত্যু হয়েছে। বুধবার (৩ জুন) দুপুরে মিরপুর রেলওয়ে স্টেশনে এ দুর্ঘটনা ঘটে।

নিহত শুভ দেওয়ান রাজশাহীর গোদাগাড়ী উপজেলার পাকড়ী উত্তরপাড়া গ্রামের সেলিম দেওয়ানের ছেলে। তিনি ঢাকার একটি গার্মেন্টস কারখানায় কর্মরত ছিলেন।

পুলিশ ও পারিবারিক সূত্রে জানা যায়, শুভ দেওয়ান ঈদের ছুটিতে বাড়িতে এসে রাজশাহী থেকে ট্রেনে করে কুষ্টিয়ার মিরপুরে বোনের বাড়িতে যাচ্ছিলেন। মিরপুর রেলওয়ে স্টেশনে নেমে মোবাইল ফোনে কথা বলতে বলতে রেললাইন পার হওয়ার সময় একটি ট্রেনের ধাক্কায় ঘটনাস্থলেই তার মৃত্যু হয়।

পোড়াদহ রেলওয়ে থানা পুলিশের ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. নাসির খান বলেন, শুভ দেওয়ান তার স্ত্রীকে সঙ্গে নিয়ে মিরপুরে দুলাভাইয়ের বাড়িতে আসছিলেন। মিরপুর স্টেশনে নেমে রাস্তা পার হওয়ার সময় বিপরীত দিক থেকে আসা একটি ট্রেন তাকে ধাক্কা দিলে ঘটনাস্থলেই তিনি নিহত হন।

তিনি আরও বলেন, খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে গিয়ে সুরতহাল প্রতিবেদন প্রস্তুত করে। পরে ঊর্ধ্বতন কর্তৃপক্ষের সঙ্গে আলোচনা সাপেক্ষে নিহতের মরদেহ পরিবারের কাছে হস্তান্তর করা হয়েছে।

কুষ্টিয়ার মিরপুরে জিকে ক্যানেল থেকে শিশুর মরদেহ

উদ্ধার

কুষ্টিয়ার মিরপুরে মোহাম্মদ আলী (৩) নামের এক শিশু নিখোঁজ হওয়ার প্রায় ২১ ঘণ্টা পর জিকে ক্যানেল থেকে উদ্ধার করা হয়েছে।

বুধবার সকালে উপজেলার ধুবইল ইউনিয়নের ৮নং কাদেরপুর এলাকার জিকে ক্যানেল থেকে তার মরদেহ উদ্ধার করে ফায়ার সার্ভিসের কর্মীরা।

শিশু মোহাম্মদ আলী উপজেলার ধুবইল ইউনিয়নের ৮নং কাদেরপুর এলাকার রহমত বলী কহনের পুত্র।

পরিবার ও স্থানীয় সূত্রে জানা যায়, শিশুটি বাড়ির আশপাশ থেকে হঠাৎ নিখোঁজ হলে স্বজনরা খোঁজাখুঁজি শুরু করেন। দীর্ঘ সময় খোঁজ না পেয়ে বিষয়টি প্রশাসনকে জানানো হয়। পরে আজ সকালে ফায়ার সার্ভিসের কর্মীরা ঘটনাস্থলে পৌঁছে তল্লাশি অভিযান শুরু করে।

ডুবুরি দলের সদস্যরা এবং স্থানীয় এলাকাবাসীর সর্বোচ্চ চেষ্টায় অবশেষে জিকে ক্যানেল থেকে শিশুটিকে উদ্ধার করা হয়। এ ঘটনায় পুরো এলাকায় শোকের ছায়া নেমে এসেছে। স্বজনদের আহাজারিতে পরিবেশ ভারী হয়ে ওঠে।

কুষ্টিয়ার মিরপুরে ন্যায্য মূল্যে মাংস, ডিম ও দুধ বিক্রয় কার্যক্রমের উদ্বোধন

পবিত্র মাহে রমজান উপলক্ষে সাধারণ মানুষের জন্য স্বস্তির খবর নিয়ে এসেছে কুষ্টিয়ার মিরপুর পৌরসভা ও উপজেলা প্রাণিসম্পদ দপ্তর, মিরপুর।

যৌথ উদ্যোগে ন্যায্য মূল্যে গরুর মাংস, ডিম ও দুধ বিক্রয় কার্যক্রমের উদ্বোধন করা হয়েছে।

উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) মোঃ নাজমুল ইসলাম এবং উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা ডা. মোঃ আব্দুল্লাহিল কাফি।

উপজেলা নির্বাহী কর্মকর্তা মোঃ নাজমুল ইসলাম বলেন, রমজানে নিত্যপ্রয়োজনীয় পণ্যের মূল্য সহনীয় রাখতে এবং নিম্ন ও মধ্যবিত্ত মানুষের ক্রয়ক্ষমতার কথা বিবেচনায় রেখে এ উদ্যোগ নেওয়া হয়েছে।

প্রাণিসম্পদ দপ্তরের তত্ত্বাবধানে দেশি ষাঁড় গরুর মাংস প্রতি কেজি ৬৭০ টাকা, ডিম প্রতি হালি ৩৪ টাকা এবং দুধ প্রতি লিটার ৭০ টাকা দরে বিক্রয় করা হচ্ছে। নির্ধারিত মূল্যতালিকা অনুযায়ী পণ্য বিক্রয় নিশ্চিত করতে তদারকি ব্যবস্থাও রাখা হয়েছে।

উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা ডা. মোঃ আব্দুল্লাহিল কাফি বলেন, ছুটির দিন ব্যতীত আগামী ২৭ রমজান পর্যন্ত এ কার্যক্রম চলমান থাকবে। উদ্যোগটি সাধারণ মানুষের মাঝে ইতিবাচক সাড়া ফেলেছে। অনেকেই মনে করছেন, এ ধরনের কার্যক্রম বাজারে মূল্য নিয়ন্ত্রণে সহায়ক ভূমিকা রাখবে এবং রমজানে ক্রেতাদের স্বস্তি দেবে।

সংশ্লিষ্টরা আশা করছেন, সমন্বিত প্রচেষ্টার মাধ্যমে ন্যায্য মূল্যে পণ্য সরবরাহ অব্যাহত থাকলে বাজারে স্থিতিশীলতা বজায় রাখা সহজ হবে।

জন্ম ও মৃত্যু নিবন্ধনে মিরপুরের ইউএনও’র উদ্যোগ

কুষ্টিয়ার মিরপুর উপজেলায় জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যক্রমকে আরও গতিশীল ও শতভাগ নিশ্চিত করতে নিরলসভাবে কাজ করে যাচ্ছেন উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও)।

আজ বৃহস্পতিবার তিনি নিয়মিত ইউনিয়ন পর্যায়ের সভা, স্কুল, মসজিদ এবং সামাজিক অনুষ্ঠানগুলোতে অংশ নিয়ে জনগণকে সচেতন করছেন।

উপজেলার তালবাড়িয়া ইউনিয়ন পরিষদ এলাকায় আয়েশা ও মায়েশা এর জন্মের

০৭ দিনের মধ্যেই জন্ম নিবন্ধন সম্পন্ন করেন তাদের পিতা মাতা।

সরকারি নির্দেশনা অনুসরণ করার জন্য, আয়েশা ও মায়েশা’র মায়ের হতে তুলে দেওয়া হয় জন্ম নিবন্ধন সনদ, ধন্যবাদ ও শুভেচ্ছা পত্র, খেলনা সামগ্রী এবং মিষ্টির বাক্স।

তিনি বলেন, “প্রতিটি শিশু জন্মের সঙ্গে সঙ্গে যেন তার জন্মনিবন্ধন সম্পন্ন হয়, তা নিশ্চিত করতে হবে। একইভাবে, মৃত্যু নিবন্ধন করাও বাধ্যতামূলক। এই দুটি নিবন্ধন না হলে ভবিষ্যতে নাগরিক সেবা গ্রহণে নানা জটিলতা তৈরি হয়।”

তিনি আরও বলেন, আমরা প্রত্যাশা করি, আয়েশা ও মায়েশা এর পিতামাতার মতো সকল পিতামাতাই শিশু জন্মের সাথে সাথেই জন্ম ও মৃত্যু নিবন্ধন সম্পন্ন করবেন। জন্ম ও মৃত্যু নিবন্ধন আইন অনুযায়ী, শিশু জন্মের ৪৫ দিনের মধ্যেই জন্ম নিবন্ধন সম্পন্ন করা বাধ্যতামূলক।

এছাড়া, ডিজিটাল প্ল্যাটফর্ম ব্যবহার করে জনগণের তথ্য সংরক্ষণ এবং দ্রুত নিবন্ধনের জন্য ইউনিয়ন পর্যায়ে কর্মকর্তাদের প্রশিক্ষণ দেওয়া হচ্ছে বলেও জানান তিনি।

মিরপুর উপজেলার ইউএনও’র এই প্রচেষ্টা জন্ম ও মৃত্যু নিবন্ধন শতভাগ বাস্তবায়নের দিকে এক সাহসী পদক্ষেপ। সম্প্রতি খুলনা বিভাগের মধ্যে শ্রেষ্ঠ ইউএনওর সম্মাননা লাভ করেন তিনি।

তথ্য আপা’র সেবা জানাতে উঠান বৈঠকে মিরপুরের ইউএনও

তথ্য যোগাযোগ প্রযুক্তির মাধ্যমে নারীদের ক্ষমতায়ন প্রকল্প ‘তথ্য আপা’র সেবা জানাতে বাড়ি বাড়ি গিয়ে নারীদের সঙ্গে উঠান বৈঠক করছেন কুষ্টিয়ার মিরপুর উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) নাজমুল ইসলাম।

শনিবার (২৬ এপ্রিল) দুপুরে মিরপুর উপজেলার পোড়াদহ ইউনিয়নে এক উঠান বৈঠকে ৮০ জন প্রান্তিক নারী উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে

সমন্বয় করেন মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের অধীনে ‘তথ্য আপা’ প্রকল্পের স্থানীয় কর্মকর্তা।

ইউএনও মো. নাজমুল ইসলাম বলেন, গ্রামের নারীরা এখন প্রায় সবাই স্মার্টফোন ব্যবহার করেন। দৈনন্দিন কাজের খুটিনাটি শিখতে এখন আর প্রশিক্ষকের কাছে যেতে হয় না। তাই ‘তথ্য আপা’ প্রকল্পে ডিজিটাল অ্যাপসের মাধ্যমে কিভাবে ঘরে বসে সেবা পেতে পারেন তার জন্য উঠান বৈঠকের উদ্যোগ নেওয়া হয়েছে।

তিনি আরও বলেন, উঠান বৈঠকগুলোতে একেকদিন একেকজন কর্মকর্তাকে ট্যাগ করে দেওয়া হয়েছে। শনিবার উপজেলা সমাজসেবা কর্মকর্তা জামসেদ আলী ও যুব উন্নয়ন কর্মকর্তা নুরুল ইসলাম নান্নু উপস্থিত ছিলেন। তারা ‘তথ্য আপা’র মাধ্যমে হাঁস-মুরগি ও গবাধি পশু কিভাবে পালন করলে দ্রুত লাভবান হওয়া যাবে তা নিয়ে বিস্তারিত আলোচনা করেন।

এছাড়া নারী অধিকার, বাল্যবিয়ে, কিশোরগ্যাং, পারিবারিক কলহসহ প্রয়োজনের মুহূর্তে কীভাবে জরুরি সেবা পেতে পারে তা নিয়ে আলোচনা করা হয়।

কুষ্টিয়ার মিরপুরে ট্রেনে কাটা পড়ে যুবকের মৃত্যু

কুষ্টিয়ার মিরপুরে ট্রেনে কাটা পড়ে হাফিজুল সরদার (৩৮) নামে এক যুবকের মৃত্যু হয়েছে।

শনিবার (২৬ এপ্রিল) দুপুরে উপজেলার ধুবইল ইউনিয়নের গেটপাড়া এলাকায় ১৮০/২ নম্বর রেলওয়ে পিলারের কাছে এ দুর্ঘটনা ঘটে।

নিহত হাফিজুল মিরপুর উপজেলার বারুইপাড়া ইউনিয়নের আমিনুদ্দিন সরদারের ছেলে।

নিহতের পরিবার সূত্রে জানা যায়, সকালে পরিবারের সঙ্গে রাগারাগি করে বাড়ি থেকে বের হয়ে যান হাফিজুল। এরপর পরিবারের সদস্যরা বিভিন্ন স্থানে খোঁজাখুঁজি শুরু করেন। একপর্যায়ে ট্রেনে কাটা

পড়ে এক ব্যক্তির মৃত্যুর সংবাদ পেয়ে স্বজনরা ঘটনাস্থলে গিয়ে তার মরদেহ শনাক্ত করেন।

স্বজনরা আরও জানান, হাফিজুল স্থানীয় পোড়াদহ বাজারে জুতা- স্যান্ডেলের ব্যবসা করতেন। এর আগে তিনি একটি বেসরকারি প্রতিষ্ঠানে চাকরি করতেন।

পোড়াদহ রেলওয়ে থানা পুলিশের ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) জহিরুল ইসলাম জানান, দুপুরে খুলনা থেকে ঢাকাগামী আন্তঃনগর চিত্রা এক্সপ্রেস ট্রেনে কাটা পড়ে ঘটনাস্থলেই এক যুবকের মৃত্যু হয়েছে। এ ঘটনায় আইনগত প্রক্রিয়া চলমান রয়েছে।

কুষ্টিয়ার মিরপুরে স্টেশন মাস্টার পদায়নের দাবিতে অবস্থান কর্মসূচি

কুষ্টিয়ার মিরপুর রেলওয়ে স্টেশনে স্টেশন মাস্টারের পদ প্রায় এক মাসেরও বেশি সময় ধরে শূন্য রয়েছে। স্টেশন মাস্টার না থাকায় নানা জটিলতার মধ্য দিয়ে চলেছে স্টেশনের কার্যক্রম।

এ প্রেক্ষিতে স্টেশন মাস্টার পদায়নসহ স্টেশনের বিভিন্ন উন্নয়ন দাবিতে অবস্থান কর্মসূচি পালন করেছেন স্থানীয় জনসাধারণ।

মঙ্গলবার (২২ এপ্রিল) দুপুরে মিরপুর রেলওয়ে স্টেশন প্ল্যাটফর্মে উপজেলার সর্বস্তরের মানুষের ব্যানারে এ কর্মসূচি অনুষ্ঠিত হয়। পরে একটি স্মারকলিপি উপজেলা নির্বাহী কর্মকর্তার (ইউএনও) নিকট হস্তান্তর করা হয়।

অবস্থান কর্মসূচিতে বক্তব্য রাখেন— মিরপুর উপজেলা সাবেক মুক্তিযোদ্ধা কমান্ডার বীর মুক্তিযোদ্ধা নজরুল করিম, মিরপুর মাহমুদা চৌধুরী কলেজের অধ্যাপক শাহ আক্তার মামুন, পৌর বিএনপি নেতা আব্দুর রশিদ, মিরপুর উপজেলা নাগরিক কমিটির মুখপাত্র ও সিনিয়র সাংবাদিক হুমায়ুন কবির হিমু, কুষ্টিয়া জেলা জামায়াতে

ইসলামী নায়েবে আমির মো. আব্দুল গফুর ও ইউনিট সদস্য অধ্যাপক জুমারত আলী, বিএনপি নেতা ইব্রাহিম আলীসহ অনেকে।

বক্তারা বলেন, ‘আগামী ১৫ দিনের মধ্যে স্টেশন মাস্টার পদায়নসহ স্টেশনের অন্যান্য দাবি পূরণ করতে হবে, অন্যথায় আরও বৃহত্তর কর্মসূচি পালন করা হবে।’ বক্তারা অবিলম্বে মিরপুর স্টেশনে স্টেশন মাস্টার নিয়োগ এবং স্টেশনের আধুনিকায়নের জোর দাবি জানান।

উল্লেখ্য, প্রায় এক মাসের অধিক সময় ধরে মিরপুর রেলওয়ে স্টেশনের স্টেশন মাস্টারের পদটি শূন্য রয়েছে। তবুও স্টেশনের কার্যক্রম কোনোভাবে পরিচালিত হচ্ছে।

কুষ্টিয়ার মিরপুরে ট্রাকের ধাক্কায় ভ্যানচালক নিহত

কুষ্টিয়ায় ট্রাকের ধাক্কায় ইউনুস আলী (৭০) নামে ব্যাটারিচালিত অটোভ্যানের এক বৃদ্ধ চালক নিহত হয়েছেন।

বুধবার (১৬ এপ্রিল) সকাল সাড়ে ১০টার দিকে কুষ্টিয়া-মেহেরপুর মহাসড়কের মিরপুর উপজেলার সদরপুর ইউনিয়নের আমতলা বাসস্ট্যান্ডে এ দুর্ঘটনা ঘটে।

নিহত ইউনুস আলী পার্শ্ববর্তী দৌলতপুর উপজেলার ইউসুফপুর এলাকার মৃত ইমান মালিথার ছেলে।

প্রত্যক্ষদর্শীর বরাত দিয়ে মিরপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মমিনুল ইসলাম জানান, আমতলা-দৌলতপুর সড়ক দিয়ে ভ্যান চালিয়ে ইউনুস আলী আমলা বাজারে যাচ্ছিলেন। পার্শ্ববর্তী রাস্তা থেকে আমতলা বাসস্ট্যান্ডে ওঠার সময় মেহেরপুর থেকে কুষ্টিয়াগামী আলু বোঝাই একটি ট্রাক অটোভ্যানটিকে ধাক্কা দিলে ঘটনাস্থলেই ভ্যানচালক ইউনুস আলীর মৃত্যু হয়। ঘটনাস্থল থেকে মরদেহটি উদ্ধার করে কুষ্টিয়া জেনারেল হাসপাতাল মর্গে পাঠানো হয়েছে। তবে ট্রাকটি জব্দ করলেও চালক পালিয়ে গেছেন বলেও জানান তিনি।